দৈনিক
ইত্তেফাক

তারিখ: 12 4 JUN 2009
পৃষ্ঠা: ২ কলাম: ৬

# ছাত্রী বিক্ষোভের মুখে গার্হস্থ্য অর্থনীতি কলেজ বন্ধ ঘোষণা

## ইন্সটিটিউট ঘোষণার দাবিতে ভাংচুর, লাঠিচার্জে আহত ২০

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

রাজধানীর গার্হস্থ্য অর্থনীতি কলেজকে ইন্সটিটিউট ঘোষণার দাবিতে ছাত্রীরা গতকাল মঙ্গলবার কলেজ ক্যাম্পাসে ব্যাপক বিক্ষোভ ও ভাংচুর করেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ছাত্রীদের ওপর লাঠিচার্জ করেছে। এতে প্রায় ২০ ছাত্রী আহত হয়েছে। এ ঘটনায় কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ইন্সটিটিউট করার দাবিতে দীর্ঘদিন ধরে কলেজের ছাত্রীরা আন্দোলন করছে। গতকাল দুপুরে গুজব ছড়িয়ে পড়ে যে অধ্যক্ষ আন্দোলনকারী ছাত্রীদের মধ্যে দুই ছাত্রীকে বহিষ্কার করেছেন। এ খবরে ছাত্রীরা ক্ষুব্ধ হয়ে কলেজের সামনে মিরপুর সড়ক অবরোধ করে। প্রায় আধঘন্টা অবরোধ করার পর পুলিশ অবরোধকারীদের সরে যেতে ১০ মিনিট সময় বেঁধে দেয়। এ সময়ের মধ্যে অবরোধ তুলে না নিলে পুলিশ ছাত্রীদের ওপর লাঠিচার্জ করে। পুলিশের লাঠিচার্জে ছাত্রীরা ছত্রভঙ্গ হয়ে যায়। তারা আত্মরক্ষার্থে কলেজ ক্যাম্পাসে প্রবেশ করে। পরে ছাত্রীরা কলেজের লাইব্রেরী, হলরুম ও অধ্যক্ষের কক্ষে ভাংচুর করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কলেজ কর্তৃপক্ষের নির্দেশে ঘটনাস্থল থেকে ৭ ছাত্রীকে আটক করে। বিকালে অধ্যক্ষ লায়লা আরজুমান বানু কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে।